

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড

শান্তিনগর শাখা, মদিনা হাইটস, ৩২, নিউ সার্কুলার রোড, সিদ্ধেশ্বরী, রমনা, ঢাকা

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, প্রিয় নিবাস বিল্ডার্স লিঃ পক্ষে ম্যানেজিং ডাইরেক্টর মোঃ রফিকুল ইসলাম পিতা ডাঃ আরমান উল্লাহ ঠিকানা-গ্রীণ ল্যান্ড মার্কেট(তৃতীয় তলা), ১৩/১৭, শান্তিনগর বাজার রোড, ঢাকা কর্তৃক ইউসিবি, শান্তিনগর শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ০৮/০৯/২০১৬ ইং তারিখ পর্যন্ত ঋণ হিসাবে বকেয়া স্থিতি বাবদ ব্যাংকের পাওনা মোট ১,১৬,৪৫,১২২.৫১ (এক কোটি ষোল লক্ষ পয়তাল্লিশ হাজার একশত বাইশ টাকা একাল্ল পয়সা মাত্র) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য অগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

নিলামের শর্তাবলী

- (১) আগামী ৩১/১০/২০১৬ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, শান্তিনগর শাখা এ রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার শতকরা ২০%, উদ্ধৃত দও ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে ১৫% এবং উদ্ধৃত দও ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সম পরিমাণ টাকা জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার মারফত ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, শান্তিনগর শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- (৩) অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরপত্র দাতা সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং অনুরূপ নিয়মে পরিশোধে ব্যর্থ হইলে অর্থঋণ আদালত আইন (সংশোধনী), ২০১০ এর ৩৩(২) ধারানুযায়ী জামানতের টাকা বাজেয়াপ্ত করা হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- (৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপরিষ্কার বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, পি.ডি.বি./পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৬) দরদাতাগন তফসিলভুক্ত এক বা একাধিক ফ্ল্যাট/সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন।
- (৭) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- (৮) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৯) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

বন্ধকী সম্পত্তির তফসিল

Registered mortgage of un-divided and un-demarcated proportionate land measuring 7.425 decimal (60%) out of 12.375 decimal located at Dist Dhaka, P.S. sabek Ramna, Hal-Motijheel, Dhaka collectorate, Mouza-sabek shahar Khilgaon, hal- Dakshin Shahar Khilgaon, J.L.No.C.S.287, S.A.-7, R.S-1, Dhaka City Jarip 1, C.S. Khatian no 331, sabek S.A. khatian

no. 1464, hal- S.A. khatian no. 1323., Maliki Khatian no 262/263,R.S. khatian no 1278, Dhaka City Jorip khatian no 1658, C.S. plot no 967(part), S.A. plot no 2161, R.S. plot no 14575, and 14577, City Jorip Plot no 11203, Mutation Khatian no 5540, Jote no 4292, Mutation plot no 14575, 14577, total area of land 7.425 decimal, of “**Khawja Nibash**” Apartment No. 13 (1st floor (A1 & B1), three units of 2nd floor, 3rd floor(B3, C3, D3), one unit of 6th floor & 7th floor(A7, B7, C7, D7) with Car Parking No. 09, Municipal holding no 216 West Shantibagh, P.S. – Motijheel, Dhaka.

Along with all structures constructed or any other structures to be constructed thereon with all rights, interests, easements and benefits attached thereto.

ব্যবস্থাপক, ইউসিবিএল, শান্তিনগর শাখা ঢাকা।